



যুদ্ধবিরতির মধ্যেও গাজায় ইসরায়েলি হামলায় নিহত ২



গাজায় ইসরায়েলি হামলা। ছবি: আনাদোলু

যুদ্ধবিরতি কার্যকর থাকলেও গাজা উপত্যকায় আবারও হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। এতে অন্তত দুই ফিলিস্তিনি নিহত হয়েছেন, আহত হয়েছেন আরও কয়েকজন।

গুৱাবার আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরা এ তথ্য জানিয়েছে। ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফার বরাতে জানানো হয়, গাজা শহরের শেখ রাদওয়ান এলাকার বাহলুল মোড়ে সাধারণ মানুষের ওপর ড্রোন হামলা চালানো হয়। এতে ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয় এবং কয়েকজন আহত হন।

এদিকে গাজার অন্যান্য এলাকাতেও হামলার খবর পাওয়া গেছে। বিশেষ করে দক্ষিণাঞ্চলের খান ইউনিসের পূর্বদিকে এবং গাজা শহরের পূর্ব অংশে ইসরায়েলি বাহিনী কামান থেকে গোলাবর্ষণ করেছে।

LENS ASIA